

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
নীতি ও সংগঠন শাখা  
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৫৮/৬২৬

তারিখঃ ০৯ জানুয়ারী ২০১৭

প্রেরক : মৌমিতা জীনাৎ  
সহকারী সচিব (নীতি ও সংগঠন)


প্রাপক : জনাব তনায় মজুমদার  
সহকারী সচিব (এম আর পি)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে “Australian Awards Scholarship” প্রোগ্রাম এর আওতায় University of Sydney, Australia তে Master of Political Economy কোর্স সম্পন্ন করার জন্য আপনার অনুকূলে আগামী ০৯ জানুয়ারী ২০১৭ হতে ২০ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত প্রেষণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণের সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।
  - খ) যাতায়াতের বিমান ভাড়াসহ যাবতীয় ব্যয় বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বহন করবে।
  - গ) বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশ অবস্থান করতে পারবেন না।
  - ঘ) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর লক্ষ প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ পদে আপনাকে পদায়িত করা হবে এবং অন্যান্য দুই বছর আপনাকে সে পদে স্থিত রাখা হবে।
  - ঙ) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে দেড় বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
  - চ) প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) দিনের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
  - ছ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ০৯ জানুয়ারী ২০১৭ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ২০ জুলাই ২০১৮ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রেষণ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

  
(মৌমিতা জীনাৎ)

সহকারী সচিব (নীতি ও সংগঠন)


ফোনঃ ৯৫৫৫৩২০

নং- এডি-পিএন্ডও-৯৫৮/৬২৬

তারিখঃ ০৯ জানুয়ারী ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ- সিনিয়র সহকারী সচিব (বিঃপ্রঃ শাখা)।
- ৩। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক(এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব(সংস্থাপন-১/এস.এস.এ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা, অস্ট্রেলিয়া।

  
(মৌমিতা জীনাৎ)

সহকারী সচিব (নীতি ও সংগঠন)

ফোনঃ ৯৫৫৫৩২০